

নং-শিম/শাঃ১১/১৬-৭/২০০৯/১০২৪

তারিখ : ১৬/০৯/২০০৯।

পরিপত্র

বিষয় : জাতীয় নেতৃত্বদের নামে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের নামকরণ প্রসঙ্গে।

সূত্র : ১। নং-শিম/শাঃ১১/বিবিধ-৩৯/৯৬/৬৭৯,

তারিখ : ২৬. ১১. ৯৭

২। নং-শাঃ১১/বিবিধ-৩৯/৯৬/৩৫৯(৬০৫)-শিবা,

তারিখ : ১০/০৪/২০০১

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা) জাতির জনক ও অন্যান্য প্রয়াত ও জীবিত জাতীয় নেতাদের নামে নামকরণের উদ্যোগীদের মধ্যে অগ্রহ লক্ষ্য করা যায়। এ ক্ষেত্রে বিদ্যমান নীতিমালায় কোন দিক নির্দেশনা নেই। বিষয়টি পর্যালোচনা করে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সদস্যবৃন্দ, চার জাতীয় নেতা, মুক্তিযুদ্ধের সাতজন বীরশ্রেষ্ঠ, অমর একুশের ভাষা শহীদ এবং জাতীয়ভাবে স্বীকৃত জাতীয় নেতৃত্বদের নামে শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করতে হলে প্রয়োজনীয় কাগজপত্রসহ শিক্ষা মন্ত্রণালয়ে আবেদন করতে হবে। শিক্ষা মন্ত্রণালয় প্রাপ্ত আবেদনপত্র পরীক্ষাপূর্বক সরকার প্রধানের অনুমোদনের জন্য পেশ করবে। সরকার প্রধানের অনুমতিক্রমে এরূপ নামকরণ করা যাবে। এরূপ ক্ষেত্রে ব্যক্তি নামে নামকরণের জন্য কোন অর্থ প্রদান প্রয়োজন হবে না।

০২। উপরি-উক্ত ব্যতিক্রম ব্যতীত অন্যান্য ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান ব্যক্তি নামে নামকরণের জন্য অর্থ প্রদান ও ব্যয় সংক্রান্ত সূত্রের স্মারকদ্বয় যথারীতি কার্যকর থাকবে।

স্বাক্ষরিত/-, তারিখ : ১৬/০৯/২০০৯

(সৈয়দ আতউর রহমান)

সচিব

নং-শিম/শাঃ১১/১৬-৭/২০০৯/১০২৪(৭)

তারিখ : ১৬/০৯/২০০৯।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

(বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।

০২-০৭। \*\*\*\*\*

\*\*\*\*\*

\*\*\*\*\*

স্বাক্ষরিত/-, তারিখ : ১৬/০৯/২০০৯

(শেখ মোমেনা মনি)

সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং- ওএম/০১ (ক-৩)/২০০৮/১০৮-২৬/২০০

তারিখ : ০৮/১০/২০০৯।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ----- অঞ্চল -----।

(ইহা তাহার অধিনস্থ বেসরকারি কলেজসমূহে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।)

০২। জেলা শিক্ষা অফিসার, -----।

০৩। অধ্যক্ষ, -----।

০৪। প্রোগ্রামার, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

(তাঁহাকে বিষয়টি অত্র অধিদপ্তরের ওয়েব সাইটে প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।)

০৫। সহকারী পরিচালক (সাঃ প্রঃ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

০৬। প্রধান সহকারী, সাধারণ প্রশাসন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

০৭। সংরক্ষণ নথি।

(সৈয়দ জাফর আলী)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং- ৯৫৫৬০৫৭।

৭/১০/০৯